



## PRESS CLIP

Publication:- Aajkaal

Date: - 23<sup>rd</sup> April 2020

Page :-07

Webinar on "Learn,Lead, and Link-up:Knowledge Comes Closer with Social Distancing" organized by The Bengal Chamber on 10th April, 2020.

# শিক্ষার ভবিষ্যৎ অনলাইনেই

## আজকালের প্রতিবেদন

আগামী দিনে শিক্ষাব্যবস্থায় অনলাইনেই ভবিষ্যৎ। তবে তার আগে অবশ্য অনলাইনে শিক্ষাদানের জন্য উন্নত পরিকাঠামো গড়ে তুলতে হবে। এমনই মত বিশেষজ্ঞদের। তাঁদের মতে, করোনা পরিস্থিতিতে অনলাইনে পঠনপাঠন দেশকে বেশ কয়েক বছর এগিয়ে দিয়েছে। করোনা পরিস্থিতিতে দেশ জুড়ে লকডাউন চলায় বন্ধ শিক্ষাপ্রতিষ্ঠান। পড়াশোনা চালিয়ে নিয়ে যেতে অনেক জায়গাতেই বিকল্প হিসেবে অনলাইনে ক্লাস শুরু হয়েছে। শুধু পড়াশোনা নয়, নাচ, গান, আঁকার ক্লাসও হচ্ছে অনলাইনে। এই পরিস্থিতিতে শিক্ষাব্যবস্থায় যে পরিবর্তন এসেছে, তা নিয়ে দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের পক্ষ থেকে অনলাইনে একটি আলোচনার ব্যবস্থা করা হয়েছিল। অংশ নিয়েছিলেন শিক্ষাজগতের বিশেষজ্ঞরা। বিসিসিআইয়ের শিক্ষাবিষয়ক কমিটির

চেয়ারপার্সন সুবর্ণ বসু বলেন, 'অনলাইনের মাধ্যমে পড়াশোনার এই চল থেকে যাবে। শিক্ষাক্ষেত্রে আমরা অন্তত ১০ বছর এগিয়ে গেলাম।'

মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈকত মৈত্র বলেন, 'ভবিষ্যতে অনলাইনে পঠনপাঠনের সুযোগ আরও প্রসারিত হবে। এই ব্যবস্থাকে আরও উন্নত করতে পারলে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে বিদেশি পড়ুয়া ভর্তির সুযোগ তৈরি হবে।' সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির উপাচার্য ধুবজ্যোতি চ্যাটার্জি বলেন, 'এই পরিস্থিতিতে শিক্ষাবিদদের কাছে সবথেকে

বড় চ্যালেঞ্জ ছিল, কী করে পড়াশোনাটা চালিয়ে নিয়ে যাওয়া যায়। যেটা করতে গিয়ে আমরা নতুন কিছু শিখলাম। এই চ্যালেঞ্জ সামলাতে গিয়েই শিক্ষাব্যবস্থার নতুন দিক খুলতে শুরু করেছে।' জেআইএস গ্রুপের অধিকর্তা সিমরপ্রীত সিং বলেন, 'ভবিষ্যতে এভাবে পড়াশোনার চল আরও বাড়বে। লকডাউনের পর দেশে অনলাইনে পঠনপাঠনের হার অন্য দেশের তুলনায় ১০ থেকে ২০ গুণ বাড়বে।' অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্সের শিক্ষাবিষয়ক কমিটির সদস্য এবং অলক্যাপস কমিউনিকেশনের প্রতিষ্ঠাতা ও অধিকর্তা সুমিত দাশগুপ্ত।